# আঞ্চলিক উত্তেজনা কমাতে কাতার-আমিরাতের কূটনৈতিক আলোচনা



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনা ও আঞ্চলিক পরিস্থিতি নিয়ে ফোনে আলোচনা করেছেন কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুর রহমান বিন জাসিম আল থানি এবং সংযুক্ত আরব আমিরাতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা তাহনুন বিন জায়েদ আল নাহিয়ান।

রোববার (২৬ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

ফোনালাপে দুই নেতা মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতি পর্যালোচনার পাশাপাশি উত্তেজনা প্রশমনে চলমান কূটনৈতিক উদ্যোগ নিয়ে আলোচনা করেন। এ সময় আঞ্চলিক স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সংলাপ ও আলোচনার মাধ্যমে সংকট সমাধানের ওপর গুরুত্বারোপ করা হয়।

কাতার ও আমিরাতের পক্ষ থেকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে হওয়া সমঝোতা বাস্তবায়ন, হরমুজ প্রণালিতে অবাধ নৌ চলাচল নিশ্চিত করা এবং মধ্যপ্রাচ্যে দীর্ঘমেয়াদি শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় যৌথ প্রচেষ্টা জোরদারের গুরুত্ব পুনর্ব্যক্ত করা হয়।

LENS ASIA